২৯তম বিসিএস প্রিলিমিনারী টেস্ট

১। বাংলা বর্ণমালার স্বরবর্ণ কয়টি?
ক ১৩টি খ ১০টি
গ ১২টি ঘ ১১টি

ব্যাখ্যা ঃ বাংলা বর্ণমালার মোট ৫০টি বর্ণ রয়েছে। এর মধ্যে ১১টি স্বরবর্ণ; অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ। ব্যঞ্জনবর্ণ ৩৯টি; মাত্রাযুক্ত ৩২টি, অর্ধমাত্রার বর্ণ ৮টি এবং মাত্রাহীন বর্ণ ১০টি।

২। বাংলা সাহিত্যের আদি কবি কে?
ক কাহ্নপা খ চেঙ্গনপা
গ লুইপা ঘ ভুসুকুপা

ব্যাখ্যা ঃ বাংলা সাহিত্যের আদি সাহিত্যকর্ম চর্যাপদ। আর চর্যাপদের আদি কবি বা বাংলা সাহিত্যের আদি কবি লুইপা। তিনি চর্যাপদে ২টি পদ রচনা করেন। কাহ্নপা, চেঙ্গনপা ও ভুসুকুপা এরা সবাই চর্যাপদের কবি। ড. শহীদুল্লার মতে, বাংলা সাহিত্যের আদি কবি শবরপা।

৩। 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?
ক চলিত রীতি খ সাধু রীতি
গ মিশ্র রীতি ঘ আঞ্চলিক রীতি

ব্যাখ্যা ঃ যে ভাষা প্রধানত তৎসম শব্দবহুল, সর্বনাম ও ক্রিয়াপদসমূহ সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং পদ বিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট তাকে সাধু ভাষা বলে। সুতরাং সাধু রীতিতে তৎসম শব্দের ব্যবহার বেশি হয়।

৪। বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে?
ক অক্ষয় দত্ত খ মার্সম্যান
গ ব্রাসি হেলহেড ঘ রাজা রামমোহন

ব্যাখ্যা ঃ বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন রাজা রামমোহন রায়। *Bengali Grammar in English Language* গ্রন্থটি তিনি প্রথম ইংরেজি ভাষায় রচনা করেন। পরে গ্রন্থটি বাংলায় অনুবাদ করে নামকরণ করা হয় 'গৌড়ীয় ব্যাকরণ'।

বাংলাভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন ব্রাসি হেলহেড। তিনি *A Grammar of the Bengali Language* নামে গ্রন্থটি ইংরেজিতে রচনা করেন। তবে গ্রন্থটিতে কিছু কবিতার উদাহরণ বাংলা হরফে মুদ্রিত হয়।

৫। ফররুখ আহমদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থের নাম কি?
ক সাত সাগরের মাঝি খ পাখির বাসা
গ হাতেমতাই ঘ নৌফেল ও হাতেম

ব্যাখ্যা ঃ মুসলিম রেঁনেসার কবি ফররুখ আহমদ। তাঁর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ 'সাত সাগরের মাঝি'। তাঁর রচিত কাহিনীকাব্য 'হাতেম তায়ী' এবং কাব্যনাট্য' নৌফেল ও হাতেম। তাঁর শিশুতোষ রচনা 'পাখির বাসা' গ্রন্থের জন্য তিনি 'ইউনেস্কো' পুরস্কার লাভ করেন।

৬। প্রাচীনতম বাঙ্গালি মুসলমান কবি কে?
ক আলাওল খ সৈয়দ সুলতান
গ মুহম্মদ খান ঘ শাহ মুহম্মদ সগীর

ব্যাখ্যা ঃ 'শাহ মুহম্মদ সগীর' মধ্যযুগের মুসলমান কবিদের মধ্যে প্রাচীনতম কবি। তিনি প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ-জুলেখা' কাব্য রচনা করেন। সৈয়দ সুলতান মধ্যযুগের মুসলিম কবি। তিনি নবী বংশ, জ্ঞান প্রদীপ ও জ্ঞানচৌতিশা প্রভৃতি গ্রন্থ রচনা করেন। আলাওল সতের শতকের কবি। পদ্মাবতী, সপ্তপয়কর, সিকান্দরনামা প্রভৃতি তাঁর রচিত গ্রন্থ। মুহম্মদ খাঁন 'হানিফার লড়াই' নামে গ্রন্থ রচনা করেন।

৭। 'চাচা কাহিনীর' লেখক কে?
ক সৈয়দ সামসুল হক খ শওকত ওসমান
গ সৈয়দ মুজতবা আলী ঘ ফররুখ আহমদ

ব্যাখ্যা ঃ 'চাচা কাহিনী' সৈয়দ মুজতবা আলী রচিত ছোটগল্প গ্রন্থ। লেখকের অন্যান্য গ্রন্থ দেশে-বিদেশে, অবিশ্বাস্য, শবনম প্রভৃতি। সৈয়দ শামসুল হক রচিত এক মহিলার ছবি, খেলারাম খেলে যা, নীল দংশন প্রভৃতি। ফররুখ আহমদ রচিত গ্রন্থ সাত সাগরের মাঝি, হাতেম তায়ী প্রভৃতি। শওকত ওসমান রচিত গ্রন্থ হচ্ছে বনি আদম, ক্রীতদাসের হাসি, জননী, সমাগম, জলাঙ্গী প্রভৃতি।

৮। মুসলমান নারী জাগরণের কবি—
ক কাজিলাতুন্নেছা খ ফয়জুন্নেছা
গ বেগম রোকেয়া ঘ শামসুন্নাহার

ব্যাখ্যা ঃ মুসলিম নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া। মুসলিম নারীদের শিক্ষা প্রসারে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি প্রাবন্ধিক হিসেবে খ্যাত। তাঁর রচিত গ্রন্থসমূহ হল মতিচূর, সুলতানার স্বপ্ন, পদ্মরাগ ও অবরোধবাসিনী।

শামসুন্নাহার মাহমুদ মুসলিম নারী জাগরণের কবি। ড. মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত 'আঙুর' পত্রিকায় তাঁর প্রথম কবিতা প্রকাশিত হয়। তাঁর রচনাবলির প্রধান উপজীব্য ছিল নারী অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা। তাঁর রচিত গ্রন্থ 'পূর্ণময়ী', 'বেগম মহল' প্রভৃতি।

৯। 'শ্রীকৃষ্ণকীর্তন' রচয়িতা কে?
ক জ্ঞানদাস খ দীন চণ্ডিদাস
গ বড়ু চণ্ডিদাস ঘ দীনহীন চণ্ডিদাস

ব্যাখ্যা ঃ'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থটির রচয়িতা বড়ু চণ্ডীদাস। ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাকিল্যা গ্রামে এক গোয়ালঘর থেকে শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থটি আবিষ্কার করে এবং ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে বসন্তরঞ্জনের সম্পাদনায় গ্রন্থটি প্রকাশিত হয়।

১০। বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ কোনটি?
ক প্রভু যিশুর বাণী খ কৃপার শাস্ত্রের অর্থভেদ
গ ফুলমণি ও করুণার বিতরণ ঘ মিশনারি জীবন

ব্যাখ্যা ঃবাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'। গ্রন্থটির রচয়িতা মনোএল দ্য আস্-সুম্পসাম। ঢাকার ভাওয়ালে অবস্থানকালে ১৭৪৩ খ্রিস্টাব্দে ভাওয়ালের প্রচলিত মৌখিক ভাষায় বা আঞ্চলিক ভাষায় এ গ্রন্থটি রচনা করেন। অন্যদিকে ১৮৫২ সালে হ্যানা ক্যাথারিন ম্যালেন্স এর রচিত 'ফুলমনি ও করুণার বিবরণ' ছিল বাংলা উপন্যাস তৈরির একটি প্রাথমিক প্রচেষ্টা।

১১। কবি আলাওলের জন্মস্থান কোনটি?
ক ফরিদপুরের সুরেশ্বর খ চট্টগ্রামের জোবরা
গ বার্মার আরাকান ঘ চট্টগ্রামের পটিয়া

ব্যাখ্যা ঃ আলাওল ১৬০৭ সালে চট্টগ্রামের হাটহাজারির ফতেয়াবাদে (মতান্তরে ফরিদপুরের ফতোয়াবাদ) গ্রামে জন্মগ্রহণ করেন। পদ্মাবতী, সয়ফুলমুলক বদিউজ্জামাল, হপ্তপয়কর প্রভৃতি তাঁর রচিত গ্রন্থসমূহ।

১২। 'অনল-প্রবাহ' রচনা করেন—
ক সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী খ মোজাম্মেল হক
গ এয়াকুব আলী চৌধুরী ঘ মনিরুজ্জামান ইসলামাবাদি

ব্যাখ্যা ঃ'অনল প্রবাহ' কাব্যগ্রন্থটি রচনা করেন সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী। গ্রন্থটি ব্রিটিশ সরকার কর্তৃক নিষিদ্ধ হয়। লেখকের রচিত অন্যান্য গ্রন্থ হচ্ছে স্পেন বিজয়, রায়নন্দিনী, তারাবাঈ প্রভৃতি।

উত্তরমালা ১ ঘ ২ গ ৩ খ ৪ ঘ ৫ ক ৬ ঘ ৭ গ ৮ ঘ ৯ গ ১০ খ ১১ খ ১২ ক